

# গবাদি পশুর সুষম খাদ্য প্রস্তুত প্রণালী, বাছুরের যত্ন ও খাদ্য ব্যবস্থাপনা, গো-খাদ্যের ফর্মুলা, ইউরিয়া, মোলাসেস ট্র (খড়) তৈরী ও ব্যবহার বিধি


ড. মোহাম্মদ আল-মামুন  
প্রফেসর  
পশু পুষ্টি বিভাগ  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ-২২০২।

## সুষম খাদ্য কি ?

সুষম খাদ্য: ২৪ ঘন্টা সময়ের জন্য পশুর দেহের প্রয়োজনীয় সকল পুষ্টি উপাদান উপযুক্ত পরিমাণে ও সঠিক অনুপাতে থাকে। পশুর স্বাস্থ্য সংরক্ষণ, দৈহিক বৃদ্ধি, বাচ্চা ও দুধ উৎপাদন এবং প্রাত্যহিক কর্মক্ষমতার জন্য বিভিন্ন খাদ্য উপাদান যেমন- পানি, শর্করা, চর্বি, প্রোটিন, খনিজ পদার্থ ও ভিটামিন সমন্বয়ে সুষম খাদ্য তালিকা প্রস্তুত করা প্রয়োজন। যে খাদ্য তালিকা বা রেশন দেহের সকল পুষ্টি উপাদানের চাহিদা মিটায় তাকে সুষম রেশন বলা হয়।

## সুষম খাদ্যের উপকারিতা:

- ১। সুষম খাদ্য ২৪ ঘন্টা সময়ের জন্য পশুর দেহের প্রয়োজনীয় সকল পুষ্টি উপাদান উপযুক্ত পরিমাণে ও সঠিক অনুপাতে থাকে।
- ২। পশুর স্বাস্থ্য সংরক্ষণ, দৈহিক বৃদ্ধি, বাচ্চা ও দুধ উৎপাদন এবং প্রাত্যহিক কর্মক্ষমতার জন্য বিভিন্ন খাদ্য উপাদান যেমন- পানি, শর্করা, চর্বি, আমিষ, খনিজ পদার্থ ও ভিটামিন সমন্বয়ে সুষম খাদ্য তালিকা প্রস্তুত করা প্রয়োজন।




10/11

10/11

### খাদ্যের ফর্মুলা:

প্রতিটি গরুর শারিরিক ওজনের ২.৫-৩.০% ড্রাই ম্যাটার দরকার।

প্রতিটি ছাগলের শারিরিক ওজনের ৩.০-৪.০% ড্রাই ম্যাটার দরকার।



এই সব খাদ্যের পাশাপাশি খনিজ পদার্থ ও ভিটামিন সম্পূরক খাদ্য হিসাবে দিতে হবে।

### নোট:

ড্রাই ম্যাটার: প্রতিটি খাদ্যে পানি, শর্করা, চর্বি, আমিষ, খনিজ পদার্থ ও ভিটামিন প্রভৃতি পুষ্টি উপাদান থাকে। পানি ব্যতীত অন্যান্য পুষ্টি উপাদান (শর্করা, চর্বি, আমিষ, খনিজ পদার্থ ও ভিটামিন) সমূহের সমষ্টিই ড্রাই ম্যাটার।

### বাহুরকে খাওয়ানোর তালিকা (৪ দিন-২৪ সপ্তাহ)

বাহুরের বয়স	দৈনিক ওজন (প্রায়) (কেজি)	দুধের পরিমাণ (কেজি)	কাফ স্টার্টার পরিমাণ (গ্রাম)	সবুজ ঘাস (কেজি)
৪ দিন-৪ সপ্তাহ	২৫	২.৫	সামান্য পরিমাণ	সামান্য পরিমাণ
৪-৬ সপ্তাহ	৩০	৩.০	৫০-১০০	সামান্য পরিমাণ
৬-৮ সপ্তাহ	৩৫	২.৫	১০০-২৫০	সামান্য পরিমাণ
৮-১০ সপ্তাহ	৪০	২.০	২৫০-৩৫০	সামান্য পরিমাণ
১০-১২ সপ্তাহ	৪৫	১.৫	৩৫০-৫০০	১-০
১২-১৬ সপ্তাহ	৫৫	-	৫০০-৭৫০	১-২
১৬-২০ সপ্তাহ	৬৫	-	৭৫০-১০০০	২-৩
২০-২৪ সপ্তাহ	৭৫	-	১০০০-১৫০০	৩-৫




গরুকে খাওয়ানোর তালিকা (৬ মাস - প্রাপ্ত বয়স পর্যন্ত)

বয়স (মাস)	আনুমানিক দৈহিক ওজন (কেজি)	দানাদার খাদ্য (কেজি)	সবুজ ঘাস (কেজি)
৬-৯	৭০-১০০	১.৫-১.৭৫	৫-১০
৯-১৫	১০০-১৫০	১.৭৫-২.২৫	১০-১৫
১৫-২০	১৫০-২০০	২.২৫-২.৫০	১৫-২০
২০ এর বেশি	২০০-৩০০	২.৫০-২.৭৫	১৫-২০

গরুর দৈনন্দিন প্রয়োজনীয় খাদ্য তালিকা

পশু	শ্রেণী/জাত	দানাদার/কনসেন্ট্রেট	সবুজ ঘাস	শুক ঘাস/ খড়
দুগ্ধবতী গাভী	সংকর	২.৭৫০	২০.০০	৬.০০
দুগ্ধবতী গাভী	ভাল দেশী	১.২০০	১০.০০	৬.০০
দুগ্ধ বিহীন গাভী	সংকর/দেশী	০.১২৫	০৩.৫০	৩.১৬
বলদ/ষাঁড়	পূর্ণ বয়স্ক	০.১৭০	০৪.৯৬	৫.৬৫
ষাঁড়	সংকর	১.৫০০	১০.০০	২.০০
ষাঁড়	দেশী	০.০১৬	০১.৫৮	১.৪৭



পুষ্টি চাহিদা নিরূপনের উপায়:

আমাদের দেশে গরুকে মূলত খড় খাওয়ানো হয়। সবুজ ঘাস খুব পরিমাণে খাওয়ানো হয়। দানাদার খাদ্য যৎ সামান্য খাওয়ানো হয়। তাই যে পরিমাণ পুষ্টি দরকার সেই পরিমাণ পুষ্টি পায় না। এছাড়াও খড়ের পুষ্টি মান খুবই কম। খড়ে খুব যৎ সামান্য হজমসাধ্য আমিষ থাকে। খড়ে লিগনিন এবং সেলুলোজ বন্ধনে আবদ্ধ থাকে যা হজমে বাধা প্রদান করে। খড়ে প্রচুর পরিমাণে সিলিকা থাকে যা হজম শক্তি কমিয়ে দেয়।

*(Handwritten mark)*

*(Handwritten signature)*

এই সব সমস্যা থেকে নিরূপনের জন্য খড়কে বিভিন্ন ট্রিটমেন্ট করা হয়।

১. খড় কেটে খাওয়ানো।
২. ছোকিং/পানিতে ভিজিয়ে খাওয়ানো।
৩. ইউরিয়া ট্রিটেড খড়।
৪. ইউরিয়া মোলাসেস খড়।

খাদ্য প্রস্তুত করণ:

আঁশ জাতীয় খাদ্য:

খড় : খড় ছোট ছোট করে কেটে পানিতে ভিজিয়ে অথবা ৩% ইউরিয়া এবং ১৫% লালি গুড়া অথবা ৫% ইউরিয়া দিয়ে সংরক্ষণ করে খাওয়ানো যায়।



সবুজ ঘাস :

ছোট ছোট করে কেটে শুধু ঘাস অথবা খড়ের সঙ্গে মিশিয়ে খাওয়ানো যায়।

প্রয়োজনীয় আঁশ এবং দানাদার জাতীয় খাদ্যকে দুইভাগে সমান ভাগ করে অর্ধেক সকালে এবং বাকী অর্ধেক বিকালে এবং পর্যাপ্ত পরিমাণ পানি দিতে হবে।

XPR



### ইউরিয়া মোলাসেস কি?

এটি ইউরিয়া, মোলাসেস এবং খড় এর একটি মিশ্রিত খাবার যা গরুকে প্রতিদিন শুকনা খড়ের পরিবর্তে চাহিদা মত খাওয়ানো যায়। খাদ্য টিতে খড়, ইউরিয়া ও চিটাগুড় বা মোলাসেস অনুপাত থাকে যথাক্রমে ৮২ঃ৩ঃ১৫। বাংলাদেশ পশু সম্পদ গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা-তে গত ১৯৯২ সাল হতে দীর্ঘ গবেষণা ও কৃষক পর্যায়ে যাচাই করে দেশে প্রাপ্ত খড়, ইউরিয়া ও চিটাগুড়ের মিশ্রণে (৮২ঃ৩ঃ১৫) তৈরী করা হয়েছে ইউরিয়া মোলাসেস খড় প্রযুক্তিটি।



মোটাতাজা করণের জন্য ১৫০-২০০ কেজি ওজনের একটি গরুর দৈনিক খাদ্য তালিকা নিচে দেওয়া হলো:

খাদ্য উপাদান	খাদ্যের পরিমাণ
১। ইউরিয়া প্রক্রিয়াজাত খড়	৩ কেজি
২। সবুজ কাঁচা ঘাস	১০-১২ কেজি
৩। দানাদার খাদ্য	৩ কেজি
৪। পানি	পর্যাপ্ত পরিমাণ

*(Handwritten mark)*


*(Handwritten signature)*



Fish meal



Bone meal



Oyster shell meal




Soyabean grits



Maize bran



Rice polish



Wheat bran



Mustard oil cake

[www.bdfish.org](http://www.bdfish.org)



### দানাদার খাদ্য তৈরি :

৩ কেজি দানাদার খাদ্য তৈরির উপাদান দেয়া হলো :

দানাদার খাদ্য উপকরণ	পরিমাণ (কেজি)
১। চাউলের কুঁড়া	১.০০
২। গমের ভূষি	১.২৫
৩। খৈল (তিলের)	০.৪০
৪। হাড়ের গুঁড়া	০.০৫
৫। লবণ	০.০৫
৬। ঝোলা গুঁড়	০.২৫

দানাদার খাদ্যের মিশ্রণ

গম/ভূট্টা	৫৪%
ভূষি/কুড়া	৩০%
খৈল	১৩%
খনিজ দ্রব্য মিশ্রণ	২%
লবণ	১%

দানাদার খাদ্য তৈরির বিকল্প ফর্মুলা:

১ নং ফর্মুলা		২ নং ফর্মুলা	
গমের ভূষি	৩৫%	গমের ভূষি	৬৫%
খেসারী ভাঙ্গা	১৫%	খেসারী ভাঙ্গা	২৫%
ছেলা ভাঙ্গা	১০%	ভূট্টা অথবা ছেলা ভাঙ্গা	৫%
সয়াবিন খৈল	১৫%	খনিজ দ্রব্য	৪%
মাটি খলাই ভাঙ্গা	১০%	লবণ	১%
ভূট্টা ভাঙ্গা	১০%		
খনিজ দ্রব্য	৪%		
লবণ	১%		
মোট	১০০%	মোট	১০০%

গরুর খাদ্য তৈরির ফর্মুলা

খাদ্যের ফর্মুলা:


প্রতিটি গরুর শারিরিক ওজনের ২.৫-৩.০% ড্রাই ম্যাটার দরকার।

প্রতিটি ছাগলের শারিরিক ওজনের ৩.০-৪.০% ড্রাই ম্যাটার দরকার।

১টি গরুর ১০০ কেজি শারিরিক ওজনের জন্য ৩.০ কেজি ড্রাই ম্যাটার দরকার।

X/2018





~~১/৩~~